দৈনিক সংবাদ

তারিখ ... 09 FEB 1990
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১ ...

C/

24

## সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি প্রসঙ্গে

বর্তমান ম্যানেজিং কমিটিতে ১১ জন সদস্য রয়েছেন। প্রধান শিক্ষক পদাধিকার বলে সদস্য-সচিব এর দায়িত্ব পালন করে থাকেন। বাকী ১০ জনের ১ জন শিক্ষক-প্রতিনিধি, ১ জন দাতা-জনহিতৈষী, ১ জন বিদ্যানুরাগী। বিদ্যোৎসাহী, ১ জন এলাকার চেয়ারম্যান/কমিশনার, ১ জন মহিলা প্রতিনিধি, ৪ জন অভিভাবক-প্রতিনিধি এবং ১ জন নিকটতম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক। এদের মধ্য হতে একজন সভাপতি নির্বাচিত/মনোনীত করা হয়।

সরকারের নিয়মানুযায়ী প্রতি-মাসে একবার সভা ডাকার বিধান থাকলেও বিভিন্ন অসুবিধার অজুহাতে প্রায় বিদ্যালয়েই ডাকা হয় না। প্রয়োজনানুযায়ী যখন সভা আহ্বান করা হয় তখন প্রায়ই দেখা যায় উচ্চ বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি এবং চেয়ারম্যান/কমিশনার ব্যস্ততার কারণে সভাতে উপস্থিত থাকতে পারেন না। ফলে অনেক জটিল অথচ প্রয়োজনীয় কাজ বিলম্বিত হয়ে থাকে। এমনও দেখা গেছে কোন কোন সভাতে কোরামের অভাবে সভা হয়নি এবং অল্প কিছু সভাতে ১১ জন সদস্য একত্রিত হতে পেরেছেন। আমি ১৯৭৬ সাল হতে নিম্নোক্ত বিদ্যালয়টির সদস্য হিসেবে রয়েছি এবং বিদ্যালয়ের উন্নতিকল্পে তথা বিভিন্ন কর্মকাণ্ডের সাথে ওতপ্রোতভাবে জড়িত হয়েছি। আমার এ অভিজ্ঞতা থেকে এটাই বোধগম্য হয়েছে যে, স্বার্থহীনভাবে একটি প্রতিষ্ঠানের সভায় বা কর্ম[illegible]নে সহযোগিতা প্রদান অনেকের পক্ষেই সম্ভব নয়।

ইতিমধ্যে সরকার উক্ত কমিটি নতুনভাবে গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। এ কমিটিতে ১১ স্থলে ১২ জন সদস্য থাকবেন এবং এলাকার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কমিটির চেয়ারম্যান। সভাপতি থাকবেন এবং তার ইচ্ছানুযায়ী তিনি একজন ভাইস-চেয়ারম্যান নিযুক্ত করবেন। নতুন কমিটি ফেব্রুয়ারী মাসের মধ্যে গঠন করার নির্দেশ দেয়া হয়েছে।

চেয়ারম্যান পদে উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে মনোনীত করলে তা বিতর্কিত বিষয় হয়ে দাঁড়াবে। কারণ তিনি যে বিদ্যালয়ের প্রঃ শিঃ হিসেবে দায়িত্ব পালন করছেন সে বিদ্যালয়টিতেও ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রী মাসিক বেতনের বদৌলতে লেখা পড়া করানো হয়ে থাকতে পারে। অতএব, তিনি কি চাইবেন সরকারী প্রাথমিক অবৈতনিক বিদ্যালয়ে তাঁর বিদ্যালয় অপেক্ষা ভাল ও উন্নততর লেখাপড়া হোক? অথবা নিজের বিদ্যালয় নিয়ে যেখানে সারাদিন ব্যস্ত থাকতে হয়, সেখানে তাঁর কি সময় হবে অন্য একটি বিদ্যালয়ের সভায় এসে জটিলতা নিরসন করার? অনেক সময় দেখা গেছে বিদ্যালয়ের ফাণ্ডে অর্থ নেই; স্থানীয় লোকজন গণ্যমান্য লোকের অনুরোধে দান করতে পিছ-পা হন নি। এ ক্ষেত্রে প্রঃ শিঃ মহোদয়ের কি ভূমিকা থাকবে? অপরদিকে প্রঃ শিঃ চাইবেন তাঁর বিদ্যালয়ে যদি ছাত্র সংকট থাকে তবে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে তাঁর বিদ্যালয়ে আনার, অপরদিকে ছাত্রে পরিপূর্ণ থাকলে ৫ম শ্রেণী পাস করার পরও তাঁর বিদ্যালয়ে ঠাঁই হবে যৎসামান্য।

অতএব, শ্রদ্ধেয় যথাযথ কর্তৃপক্ষের কাছে আমার একান্ত অনুরোধ, বিষয়টি বিবেচনা করতঃ নতুন কমিটি গঠন করার পূর্বে বর্তমান কমিটি থেকে ২ জন সদস্য (একজন সভাপতি, একজন সদস্য) নিয়ে একটি সভা করে খোলা-মেলা আলোচনার মাধ্যমে তাঁদের মতামত নিয়ে একটি পূর্ণাঙ্গ নতুন কমিটি গঠন করলে, আশা করি তা হবে কার্যকর সুফলদায়ক।

—মোঃ আবদুস সালাম (আজাদ)
সদস্য—বিদ্যালয় পরিচালন পরিষদ
গণকটুলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, ঢাকা-[illegible]।